# ALL INDIA RADIO, SILCHAR

******************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 09-10-2023

## *Time: 19:45-19:55 Hrs*

---

(১) নির্বাচন কমিশনের দেশের পাঁচটি রাজ্যের বিধানসভা নির্বাচনের সূচী ঘোষণা/ আগামী সাতই নভেম্বর মিজোরাম বিধানসভার নির্বাচন/

(২) রাজ্যের ক্যাবিনেট সচিব রাজীব গৌড়ার পৌরহিত্যে রাষ্ট্রীয় দুর্যোগ ব্যবস্থাপনা সমিতির সিকিমের পরিস্থিতি পর্যালোচনা/ সিকিমে আটকে পড়া আসামের ১২৪ জন শিক্ষার্থী সুষ্ঠুভাবে গুয়াহাটিতে উপস্থিত/

(৩) আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদের আগামী বছরের মাধ্যমিক পরীক্ষা সময়সূচি ঘোষণা/

এবং

(৪) রাজ্যের ৩০ হাজার থেকে কম জনসংখ্যার পৌরসভা হিসেবে বদরপুর পৌরসভার আবাসিক সম্পত্তি কর সংগ্রহের ক্ষেত্রে প্রথম স্থান দখল/

---

নির্বাচন কমিশন মিজোরাম সহ দেশের পাঁচটি রাজ্যের বিধানসভা নির্বাচনের সূচি আজ ঘোষণা করা হয়েছে । সেই অনুসারে প্রথম পর্যায়ে আগামী সাতই নভেম্বর মিজোরাম বিধানসভার নির্বাচন অনুষ্ঠিত হবে । এছাড়া মধ্যপ্রদেশে ১৭ ই নভেম্বর, রাজস্থানে ২৩ শে নভেম্বর এবং তেলেঙ্গানাতে আগামী ৩০শে নভেম্বর নির্বাচন অনুষ্ঠিত হবে । নতুনদিল্লিতে আজ সাংবাদিকদের সামনে মুখ্য

নির্বাচন আয়ুক্ত রাজীব কুমার বলেন যে- ২০২৪ সালের সংসদীয় নির্বাচনের আগে এই পাঁচটি রাজ্যের বিধানসভা নির্বাচন বিশেষ তাৎপর্য বহন করছে । কমিশন এই রাজ্যগুলিতে অবাধ, স্বচ্ছ এবং প্ররোচনামুক্ত নির্বাচন আয়োজনের বিষয়টি নিশ্চিত করা হবে বলে শ্রী কুমার জানিয়েছেন । উল্লেখ্য- এই পাঁচটি রাজ্যে প্রায় ষোল কোটি ভোটদাতা রয়েছেন । এরমধ্যে ষাট লক্ষ ভোটদাতা এবার প্রথমবার ভোটদান করবে । নির্বাচন কমিশন এই পাঁচটি রাজ্য পরিদর্শন করে মুখ্য কার্যবাহী আধিকারিক, জেলা ও রাজ্যস্তরের প্রশাসন এবং কেন্দ্রীয় ও রাজ্য পর্যায়ের সংশ্লিষ্ট কয়েকটি সংস্থার সঙ্গে পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন । এদিকে রাজ্যগুলির মোট ৬৭৯টি বিধানসভা কেন্দ্রের জন্য একলক্ষ ৭৭ হাজার ভোটকেন্দ্র স্থাপন করা হবে । এবং এরমধ্যে একলক্ষ ভোটকেন্দ্রে ওয়েবকাস্টিংয়ের সুবিধা থাকবে ।

-----------------------------------------------------------------------------

দেশের নির্বাচন কমিশন আজ জানিয়েছে যে ন্যাগাল্যান্ড বিধানসভার একটি আসনের জন্য উপ-নির্বাচন আগামী ৭ই নভেম্বর অনুষ্ঠিত হবে । নির্বাচন কমিশনের সূত্রে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে নাগাল্যান্ডের মন জেলার তপশিলি উপজাতি সংরক্ষিত ৪৩ নম্বর তাপি বিধানসভা আসনের জন্য এই উপ-নির্বাচন অনুষ্ঠিত হবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে এই উপ-নির্বাচনের জন্য আগামী ১৩ই অক্টোবর আনুষ্ঠানিক বিজ্ঞপ্তী জারী করা হবে । আগামী ৭ই নভেম্বর ভোট গ্রহন করা হবে এবং তেসোরা ডিসেম্বর ভোট গননা করা হবে ।

উল্লেখ্য বিধায়ক তথা নাগাল্যান্ড সরকারের সমাজ কল্যান বিভাগের উপদেষ্টা নোকে ওয়াংনাও-এর চলতি বছরের ২৮শে আগষ্ট মৃত্যু হবার ফলে তাপি বিধানসভা আসনটি শূন্য হয়ে পড়ে ।

-----------------------------------------------------------------------------

কেন্দ্রীয় আয়ুষ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ জানিয়েছেন যে দেশের সব সর্বভারতীয় আয়ুড় বিজ্ঞান প্রতিষ্ঠান ( এইমস ) এ আয়ুষ শিক্ষা সংক্রান্ত বিভাগ খোলা হবে । মন্ত্রী শ্রী সনোয়াল জানান যে সরকার জনসাধরণের স্বাস্থ্য পরিষেবার সব ক্ষেত্রে আধুনিক এবং পরম্পরাগত চিকিৎসা পদ্ধতিকে উবলব্ধ

করানোর চেষ্টা করছে । মন্ত্রী শ্রী সনোয়াল আরো জানান যে  বিশ্ব স্বাস্থ্য সংস্থা আয়ুষ মন্ত্রকের সঙ্গে যৌথভাবে গুজরাটের গান্ধীনগরে পরম্পরাগত ঔষধের ওপর দু দিনের আর্ন্তজাতিক সম্মেলনের আয়োজন করেছে । সমগ্র বিশ্ব কোবিড মহামারির সময় পরম্পরাগত ঔষধের অবদানের জন্য ইতিমধ্যে আয়ুষকে স্বীকৃতি দিয়েছে বলে মন্ত্রী শ্রী সনোয়াল জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------

আয়ুষ্মান ভব অভিযানের অধীনে এক মাসেরও কম সময়ের মধ্যে তিন লক্ষেরও বেশী রক্তের ইউনিট সংগ্রহ করা হয়েছে ।এই অভিযানটি গত ১৭ সেপ্টেম্বর থেকে চলতি মাসের দোসরা অক্টোবর পর্যন্ত সেবা পাখওয়ারা চলাকালীন বাস্তবায়িত হয়েছে । সামাজিক মাধ্যমে এক পোস্টে স্বাস্থ্যমন্ত্রী ডা:মনসুখ মান্ডভিয়া বলেছেন আগে বছরে মাত্র নয় লক্ষ ইউনিট রক্ত সংগ্রহ করা হত । মানবতার সেবার জন্য তিনি সব রক্তদাতাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ।

-----------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এশিয়ান গেম্‌স-২০২২ এ অংশগ্রহণকারী ভারতীয় খেলোয়াড়দের সঙ্গে আগামীকাল বিকেলে নতুনদিল্লির ধ্যানচান্দ স্টেডিয়ামে এক আলোচনায় মিলিত হবেন। চলতি বছরের এশিয়ান গেম্‌সে ভারতীয় খেলোয়াড়দের অভূতপূর্ব কৃতিত্বের জন্য তাদের অভিনন্দন জানানো সহ তাদেরকে ক্রীড়াক্ষেত্রে উজ্জীবিত করার প্রয়াস স্বরূপ এই কার্যসূচী গ্রহণ করা হয়েছে । উল্লেখ্য- এবারের এশিয়ান গেম্‌সে ভারত ২৮টি সোনা সহ মোট ১০৭ টি পদক লাভ করেছে । পদকের সংখ্যার ক্ষেত্রে এবারের প্রদর্শন ভারতের এশিয়ান গেম্‌সে এপর্যন্ত সবচেয়ে সেরা প্রদর্শন । আগামীকালের এই মতবিনিময় অনুষ্ঠানে এশিয়ান গেম্‌সে অংশগ্রহণ করা ভারতীয় খেলোয়াড়, প্রশিক্ষক, ভারতীয় অলিম্পিক সংস্থার আধিকারিক, জাতীয় ক্রীড়া সংস্থার প্রতিনিধিরা সহ কেন্দ্রীয় যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আধিকারিকরা অংশগ্রহণ করবেন ।

-----------------------------------------------------------------------------

কেবিনেট সচিব রাজীব গৌরার অধ্যক্ষতায় গঠিত জাতীয় দূর্যোগ ব্যাবস্থাপনা সমিতি আজ বন্যাবিধ্বস্ত সিকিমের পরিস্থিতি পযারালোচনা করেছে ।দলটি রাজ্যের মূখ্য সচিবের সঙ্গে বৈঠকে মিলিত হয়ে বন্যার ফলে হওয়া ক্ষয়ক্ষতিগুলি বিস্তারিত খঁজ নেন । মূখ্যসচিব বলেন যে ক্ষতিগ্রস্ত বেশিরভাগ এলাকায় পথ যোগাযোগ পুনরায় স্থাপন করা হবে । আবহাওয়া ক্রমে পরিষ্কার হবার সঙ্গে সঙ্গে আবদ্ধ লোকেদের উদ্ধার অভিযানও চলছে বলে তিনি জানান । আজ সকালে ৮০ জন লোককে উদ্ধার করা হয়েছে বলে মূখ্য সচিব জানান । রাজ্যে ২৮ টি আশ্রয় শিবিরে ৮০০ জন লোক আশ্রয় নিয়েছে এবং তাঁদের খাদ্য সামগ্রী ,ঔষধ,রান্নার গ্যাস সহ অত্যাবশকীয় সামগ্রী সরবরাহ করা হয়েছে তিনি জানান ।এই বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব অজয় কুমার ভাল্লা বলেন যে কেন্দ্রীয় সরকার ২৪ ঘন্টা পরিস্থিতি নিরীক্ষণ করছে এবং আন্তঃমন্ত্রনালয়ের দলটি ইতিমধ্যে রাজ্যে উপস্থিত হয়ে পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন ।এদিকে সেনা প্রধান জেনারেল মনোজ পান্ডে আজ সিকিমের ক্ষতিগ্রস্ত অঞ্চল পরিদর্শন করে পরিস্থিতির পর্যালোচনা করেন ।তিনি মূখ্যমন্ত্রী প্রেমসিং তামাংয়ের সঙ্গে সাক্ষাৎ করে সাহায্য অভিযানে সেনাবাহিনী সবধরণের সহযোগীতা প্রদান করবে বলে আশ্বাস দেন ।

উল্লেখ্য সিকিমে বন্যায় মৃতের সংখ্যা ৩৪ জনে বৃদ্ধি পেয়েছে । এরমধ্যে ১০ জন সেনা জওয়ানও রয়েছেন ।রাজ্যের দূর্যোগ

৯-১০-২৩/৭:৪৫মি:

----------------------------------------------------------------

ব্যাবস্থাপনা পর্ষদের জানানো তথ্য অনুসারে এপর্যন্ত ১০৫ জন লোক সন্ধানহীন রয়েছেন । এদিকে এপর্যন্ত বন্যায় আবদ্ধ থাকা দু হাজার ৫৬৩ জন লোককে উদ্ধার করা হয়েছে এবং ৬ হাজার ৮৪৭ জন লোক ২৮টি সহায়তা শিবিরে আশ্রয় গ্রহণ করেছেন । ভারতীয় সেনার ত্রিশক্তি বাহিনী সন্ধানহীন লোকেদের উদ্ধার অভিযান অব্যাহত রেখেছে এবং পর্যটকদের সুরক্ষিত স্থানে স্থানান্তর না করা পর্যন্ত নিরাপদে রাখতে সবধরণের প্রয়াস চালাচ্ছে । স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের অধীনে আন্তঃমন্ত্রণালয় কেন্দ্রীয় দল রাজ্যে এই প্রাকৃতিক দূর্যোগের ক্ষয়-ক্ষতির খোঁজ খবর নিয়েছে । এদিকে সিকিমে আবদ্ধ থাকা আসামের ১২৪ জন

শিক্ষার্থী আজ সুষ্ঠুভাবে গৌহাটীতে ফিরে এসেছে । মুখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার উদ্যোগে তথা শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগুর বিশেষ তৎপরতায় সিকিমের বিভিন্ন অঞ্চলে অধ্যয়নরত আসামের এই শিক্ষার্থীদের নিরাপদে ফিরিয়ে নিয়ে আসা হয়েছে । শিক্ষামন্ত্রী গৌহাটীতে শিক্ষার্থীদের সঙ্গে মত বিনিময় করেন ।

---------------------------------------------------------------------------

আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদ ২০২৪ সালের মাধ্যমিক পরীক্ষার সময়সূচী ঘোষণা করেছে । সে অনুসারে আগামী ১৬ ফেব্রুয়ারী থেকে ৪ মার্চ পর্যন্ত এই পরীক্ষা অনুষ্ঠিত হবে ।তবে মূল পরীক্ষার আগে আগামী দোসরা ও তেসরা ফেব্রুয়ারী প্র্যাক্টিকেল পরীক্ষাগুলি অনুষ্ঠিত হবে । উল্লেখ্য পর্ষদের ইতিমধ্যে করা ঘোষণা অনুসারে এই পরীক্ষায় প্রথমবারের মতো ও এম আর শিট ব্যাবহার করা হবে । ছাত্র ছাত্রীদের অবজেকটিভ প্রশ্নের উত্তর করার জন্য ও এম আর শিট প্রদান করা হবে । ইংরাজী , অঙ্ক , সাধারণ বিজ্ঞান , ও সমাজ বিজ্ঞান বিষয়গুলির ক্ষেত্রে মোট ৫০ শতাংশ করে অবজেকটিভ প্রশ্ন থাকবে । একেকটি প্রশ্নের জন্য এক নম্বর করে থাকবে এবং একজন পরীক্ষার্থীকে একটি ও এম আর শিটই প্রদান করা হবে । বাকী ৫০ শতাংশ প্রশ্নের উত্তর  করার জন্য শিক্ষার্থীদের ১৬ পৃষ্ঠার উত্তর বই প্রদান করা হবে । এদিকে ২০২৪ সালের মাধ্যমিক পরীক্ষায় অবতীর্ণ হওয়া পরীক্ষার্থীদের জন্য আজ থেকে অনলাইন  আবেদনপত্র পূরণের প্রক্রিয়া আরম্ভ হয়েছে । এসম্পর্কে পর্ষদের জারী করা নির্দেশ অনুসারে আগামী ৩১ শে অক্টোবর পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে ।

---------------------------------------------------------------------------

ঐতিহাসিক চরাইদেও মৈদামস্থলে তিনদিনের সফরসূচীতে উপস্থিত হওয়া ইউনেস্কোর পর্যবেক্ষাক লীম-চিং-সিয়াঙ্গ আজ সকালে মেদামস্থলের ঐতিহাসিক সম্পদগুলি পরিদর্শন করেন । তিনি স্থানীয় বিদ্যালয়ের ছাত্র -ছাত্রী এবং জনসাধারণের সঙ্গেও মত বিনিময় করেন । আজ রাত ডিব্রুগড়ে কাটিয়ে তিনি সিংগাপুর অভিমূখে রওয়ানা হবেন । উল্লেখ্য গত শনিবার চরাইদেও মৈদামে উপস্থিত হওয়া সিয়াং মৈদামস্থলের প্রত্নতত্ব সঞ্চালকালয় ও কেন্দ্রীয় পুরাতত্ব বিভাগের অধীনে থাকা মৈদামস্থলের সব দিক অর্ন্তভুক্ত করে পর্যবেক্ষণ করেন

। উল্লেখ্য বিশেষজ্ঞের এই মৈদাম সম্পর্কীত প্রতিবেদনের ভিত্তিতেই চরাইদেও মৈদাম বিশ্ব ঐতিহ্যক্ষেত্রের স্বীকৃতি লাভ করার বিষয়টি নির্ভর করবে ।

---------------------------------------------------------------------------

রাজ্যের আবাসিক ও নগর উন্নয়ন বিভাগ থেকে জানানো হয়েছে যে ৩০ হাজার থেকে কম জনসংখ্যার পৌরসভার আবাসিক সম্পত্তির কর সংগ্রহে বদরপুর পৌরসভা প্রথম স্থান দখল করেছে । পাশাপাশি ব্যানিজ্যিক হোল্ডিং-এ কর সংগ্রহে রাজ্যের মধ্যে বদরপুর পৌরসভা শ্রেষ্ঠ স্থান দখল করেছে । উল্লেখ্য সেপ্টেম্বর মাসে অর্থাৎ সম্পত্তি কর আদায় চ্যালেঞ্জ মাসে বদরপুর পৌরসভার আওতাধীন হোল্ডিং উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে । বদরপুর পৌরসভার পক্ষ থেকে আবাসিক ও বানিজ্যিক কর সংগ্রহে রাজ্যের মধ্যে প্রথম স্থান দখল করায় সংশ্লিষ্ট শাখার সবাইকে ধন্যবাদ জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যের সঙ্গে করিমগঞ্জ জেলায়ও আগামী বারোই অক্টোবর- বৃহস্পতিবার অরুণোদয়- টু-পয়েন্ট জিরো সুবিধা প্রদান কার্যসূচী অনুষ্ঠিত হবে । ঐদিন করিমগঞ্জের নীলমণি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে সকাল সাড়ে দশটা থেকে করিমগঞ্জ জেলার অরুণোদয় প্রকল্পের সংশ্লিষ্ট হিতাধিকারীদের আনুষ্ঠানিকভাবে কার্ড প্রদান করা হবে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের জলসম্পদ মন্ত্রী পীযূষ হাজারিকা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । এই অনুষ্ঠানে করিমগঞ্জ জেলার সংশ্লিষ্ট হিতাধিকারীদের উপস্থিত থাকতে জেলা প্রশাসনের পক্ষ থেকে আহ্বান জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের উদ্যোগে ১৩তম সর্ব ভারতীয় রেলওয়ে পুরুষ ও মহিলা আর্চারি প্রতিযোগীতা-২০২৩ গতকাল থেকে পান্ডুর এন এফ রেলওয়ে স্পোর্টস এসোসিয়েশন ফুটবল স্টেডিয়ামে শুরু হয়েছে । সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব আজ আনুষ্ঠানিকভাবে এই প্রতিযোগীতার উদ্বোধন করেছেন । প্রতিযোগীতায় ভারতীয় রেলের বিভিন্ন জোন , প্রডাকশন ইউনিট থেকে মোট ১১টি দল অংশগ্রহন করছে ।

---------------------------------------------------------------------------

এস ইউ সি আই (কমিউনিষ্ট ) দলের আসাম রাজ্য কমিটির উদ্যোগে আজ গৌহাটীর লক্ষীরাম বরুয়া সভাগৃহে নিত্য প্রয়োজনীয় সামগ্রীর মূল্য বৃদ্ধি , বিদ্যুৎ-এর মাশুল বৃদ্ধি এবং বিভিন্ন স্থানে উচ্ছেদ ইত্যাদির অভিযোগ করে এর প্রতিবাদে  বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । এই সমাবেশে দলের কেন্দ্রীয় কমিটির সদস্য চন্দ্রলেখা দাস , আজহার হোসেন প্রমূখ বক্তব্য রাখেন । পরে তাদের তিন দফা দাবীর সর্মথনে রাজ্যপালের উদ্দেশ্যে একটি স্মারক পত্র পাঠানো হয়েছে ।

-----------------------------------------------------------------------